# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

একবিংশ বর্ষ (দ্বিতীয় সংখ্যা)
জুলাই ২০১০



**রানী রাসমণি স্মারক বক্তৃতা, ২০১০**

বিদ্যামন্দিরের বিশিষ্ট প্রাক্তনী প্রয়াত অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত 'রানী রাসমণি স্মারক বক্তৃতা' এ বছর নিম্নলিখিত সূচী অনুসারে অনুষ্ঠিত হবে ঃ

তারিখ ঃ ৫ সেপ্টেম্বর ২০১০, রবিবার
সময় ঃ বেলা ২টো।
স্থান ঃ **বিবেকানন্দ সভাগৃহ, বিদ্যামন্দির**
বিষয় ঃ **শ্রীশ্রীমায়ের জয়া-বিজয়া : যোগীন মা ও গোলাপ মা**
বক্তা ঃ **স্বামী দেবরাজানন্দজী মহারাজ** (প্রাক্তনী), সম্পাদক, রামকৃষ্ণ মিশন আশ্রম, সরিষা।

**এই বক্তৃতাসভায় যোগদানের জন্য সকলকে সাদর আমন্ত্রণ।**

বিদ্যামন্দির (১২ জুলাই ২০১০) কর্মসচিব

*"Blame neither man, nor God, nor anyone in the world. When you find yourselves suffering, blame yourselves and try to do better."*
—Swami Vivekananda

## সম্পাদকীয়

প্রাক্তনীবার্তার পূর্ববর্তী সংখ্যা ও বর্তমান সংখ্যার মধ্যে সময়ের ব্যবধান প্রায় ছয় মাস। এই সময়ের মধ্যে প্রাক্তনী সংসদ তার নিয়মিত কার্যক্রম অনুসরণ করা ছাড়াও আয়োজন করেছিল একবিংশতিতম পুনর্মিলন উৎসবের—যে উৎসবে প্রায় সাতশত প্রাক্তনী স্বতঃস্ফূর্তভাবে যোগদান করে দিনটিকে (১৪ ফেব্রুয়ারি, ২০১০) আনন্দমুখর করে তুলেছিলেন। এই উৎসবের বিস্তৃত বিবরণ ভেতরের পাতায় পাওয়া যাবে।

প্রাক্তনী সংসদের সাধ অফুরন্ত, কিন্তু সাধ্য সীমিত। এই সীমিত সাধ্য নিয়েই সংসদ স্বাস্থ্য প্রকল্প, ছাত্রবৃত্তি প্রকল্প যেমন চালিয়ে যাচ্ছে, তেমনই বিবেকানন্দ সম্মেলন, রানী রাসমণি স্মারক বক্তৃতা, স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা ও ক্যুইজ প্রতিযোগিতারও আয়োজন করা হচ্ছে যথাসময়েই।

বিদ্যামন্দিরের উন্নয়নমূলক কাজেও প্রাক্তনীদের মধ্যে কেউ কেউ এগিয়ে আসছেন—এটি নিশ্চয়ই আনন্দের ও গর্বের। প্রাক্তনীবার্তার গতসংখ্যায় প্রকাশিত হয়েছে প্রবাসী প্রাক্তনী (১৯৫৫-৫৭) ডাঃ দেবী প্রসাদ চৌধুরীর আংশিক অর্থানুকূল্যে (প্রায় দশ লাখ টাকা) তাঁর বাবা-মার স্মৃতিতে নির্মিত শীতাতপ নিয়ন্ত্রিত 'আশা-জ্যোতি কনফারেন্স হল'-এর উদ্বোধনের কথা। ডাঃ দেবীপ্রসাদ চৌধুরীর এই একক প্রচেষ্টা এবং ১৯৬৮-৭১ শিক্ষাবর্ষের প্রাক্তনীদের সমবেত প্রচেষ্টায় গড়ে ওঠা ছাত্রবৃত্তি প্রকল্প (প্রায় বারো লাখ টাকার) অন্যান্য প্রাক্তনীদেরও একইভাবে বিদ্যামন্দিরকে এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে উৎসাহিত ও অনুপ্রাণিত করবে—এই আশা ও বিশ্বাস আমাদের আছে।

নিত্যনিরঞ্জন কুন্ডু, *প্রধান সম্পাদক*

## আনন্দ সংবাদ

কর্নেল বলরাম মন্ডলের উদ্যোগে বিদ্যামন্দিরের ১৯৬৮-৭১ ব্যাচের প্রাক্তনীদের একটি আনন্দমুখর পুনর্মিলন আয়োজিত হল কলকাতার Fort William-এর Army Officers' Institute-এর Sangam Hall-এ ২০১০-এর ২১ মার্চ। প্রায় ৩৫ জন প্রাক্তনী, অধিকাংশই সপরিবারে, মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেছিলেন। এতে প্রাক্তনী সংসদের কর্মসচিব শ্রী মনোজ কুমার ভট্টাচার্য এবং ১৯৬৭-৭০ ব্যাচের কয়েকজন প্রাক্তনীও উপস্থিত ছিলেন। এই উপলক্ষে ১৯৬৮-৭১ ব্যাচের গ্র্যাজুয়েটদের ছাত্রবৃত্তি প্রকল্পে বেশ কিছু অর্থও সংগৃহীত হয়েছিল।

**শ্রী সুশান্ত দে,** *যুগ্ম কর্মসচিব, সম্পাদক*

## শোক সংবাদ

আলোচ্য পর্বে আমরা বিদ্যামন্দির পরিবারের দুজন সদস্যের পরলোকগমনের সংবাদ পেয়েছি। এঁরা হলেন ১৯৫৫-৫৭ ব্যাচের সুজিত পাকড়াশি (২০১০-এর ফেব্রুয়ারিতে প্রয়াত) এবং ১৯৫০-৫২ ব্যাচের বিজয়কৃষ্ণ দে (২৪ এপ্রিল ২০১০-এ প্রয়াত)। কর্মজীবনে এঁরা যথাক্রমে ব্যাঙ্ক অব বরোদা এবং পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য বিদ্যুৎ পর্ষদ-এর সঙ্গে যুক্ত ছিলেন।

সংসদ এঁদের বিদেহী আত্মার চিরশান্তি কামনা করে এবং তাঁদের শোকসন্তপ্ত আত্মীয় পরিজনদের জানায় আন্তরিক সমবেদনা।

*সম্পাদক*

## Members' Directory

The second edition is going to be published shortly. Particulars to be included are: Name/Date of birth/Years and Course(s) studied at Vidyamandira/Present Qualification/Occupation/Present Address with Telephone and Mobile Nos./E-mail ID/Office Address and Designation.

Members whose particulars appearing in the first edition have since changed and new members not included in the first edition are requested to send these particulars to the Secretariate by September 30, 2010.

### Help us with Ad

For undertaking this publication we need financial support. Those who are in a convenient position, may kindly help us by booking advertisements for their concerns in the directory. Rates are :

Back Cover : Rs. 15,000/-
Inside Covers : Rs. 10,000/-
Special Full page : Rs. 6,000/-
Ordinary Full page : Rs. 2,500/-
Ordinary Half Page : Rs. 1,500/-

On hearing from you we will send contract forms. For this please contact Jt. Secretary Sri Susanta Dey (9433346353) or Sri Suvojit Dutta (9433451591).

*Secretary*

## এঁরা অনুপ্রাণিত ! আর আমরা, বাকীরা ?

বিদ্যামন্দিরের ১৯৬৮-৭১ শিক্ষাবর্ষের প্রাক্তনীরা এই শিক্ষায়তনের ভবিষ্যৎ প্রজন্মের কল্যাণে ইতিমধ্যে প্রায় বারো লাখ টাকার একটি তহবিল গড়ে দিয়ে দৃষ্টান্ত স্থাপন করেছেন। অনুজদের এই দৃষ্টান্তে অনুপ্রাণিত হয়ে ১৯৫৮-৬০ ও ১৯৫৯-৬১ এই দুটি শিক্ষাবর্ষের প্রাক্তনীরা হাতে নিয়েছেন তাঁদের আমলের ইস্ট ও ওয়েস্ট হস্টেলের (বর্তমানের শ্রী ও বিদ্যাভবনের) খাবার ঘরে বসার জন্য টেবিল-বেঞ্চের ব্যবস্থা করার একটি প্রকল্প। প্রায় দু'লাখ টাকা ইতিমধ্যে উঠে গেছে। আরও আসছে। এই দুটি শিক্ষাবর্ষের ইচ্ছুক যেসব প্রাক্তনী এখনও এই প্রকল্পের সামিল হন নি তাঁরা যোগাযোগ করুন ১৯৫৮-৬০-এর শ্রীকল্যাণ বসু (২৫৩২-৮৫৫৯) ও ১৯৫৯-৬১র শ্রী বিশ্বনাথ দাসের (৯৮৩০৫-২০৬৯৫) সঙ্গে।

আমাদের আশা, এই দুটি দৃষ্টান্ত অন্যান্য শিক্ষাবর্ষের প্রাক্তনীদেরও অনুপ্রাণিত করুক বিদ্যামন্দিরের জন্য যৌথভাবে অনুরূপ কিছু প্রকল্প হাতে নিতে।

**মনোজ কুমার ভট্টাচার্য,** *কর্মসচিব*

### ভ্রম সংশোধন

প্রাক্তনী সংসদের সাধারণ-বার্ষিক সভার বিজ্ঞপ্তির সঙ্গে রানী রাসমণি স্মারক বক্তৃতার (৫ সেপ্টেম্বর, ২০১০-এ অনুষ্ঠিতব্য) যে বিজ্ঞপ্তি আপনারা ইতিমধ্যে পেয়েছেন তাতে—'সারগাছি'র জায়গায় 'সরিষা' এবং 'গৌরী'মার জায়গায় 'যোগীন'মা হবে।

*সম্পাদক*

# News from the Vidyamandira

**(From 01.01.10 to 30.06.10)**

U.G.C. Sponsored National Seminars :

During the period under review, three departments organised U.G.C. sponsored national seminars—a brief outline of which is given below.

| Department | Date | Topic | No. of Speakers and Resource Persons |
|---|---|---|---|
| Political Science | 19 & 20th February | Alternative Politics : another World | 10 |
| Mathematics | 23 & 24th February | Lectures on Algebra, Analysis and their Applications | 9 |
| Chemistry | 25 & 26th February | Frontier Areas of Chemistry | 9 |

Other Lectures/Seminars :

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 09.01.10 | Psychiatry in the 21st Century | Dr. Uday Chaudhury<br>VIMS, R.K. Mission Sevapratisthan |
| 15.01.10 | Thiamin Biosynthesis | Prof. Tadhg Begley<br>Texas A & M University, USA |
| 11.02.10 | আমার সাহিত্যচর্চা ও সমরেশ বসু | Dr. Nabakumar Basu<br>Renowned Writer |
| 20.02.10 | A Lecture on<br>'The Return of the Natives' | Nabanita Mukherjee<br>B. K. Girls' College, Howrah |
| 26.02.10 | Kantian Tradition &<br>Logical Positivism | Prof. Mamata Banerjee<br>Dept. of Philosophy, Burdwan University |
| 28.02.10 | আচার্য জগদীশচন্দ্র বসু ঃ<br>একটি পুনর্মূল্যায়ন | Dr. Debanjan Sengupta<br>Physician & Writer |
| 20.03.10 | সংশোধনাগারের নানা কথা | Swami Divyanandaji<br>Secretary, RKM Saradapitha |

**Annual Prize Distribution :** This year Annual Prize Distribution ceremony was divided into two phases. The first phase was 'Annual Prize Distribution Ceremony (Cultural)'. It was held on 6 March, 2010. The renowned poet Sri Tarun Sanyal presided over the function. The second phase was 'Annual Prize Distribution Ceremony (Academic)'. The function was held on 13 March at the Vivekananda Sabhagriha. Prof. Himanshu Sekhar Ghosh, Chairman, West Bengal College Service Commission presided over the function. Prof. Dhrubajyoti Chattopadhyay, Pro-Vice-Chancellor (Academic), University of Calcutta was present as the chief guest.

**Retirement News :** Sri Jagannath Chatterjee retired w.e.f. 1 February 2010 after a service period of almost 38 years in the college. He worked in the library ever since his joining Vidyamandira in 1971.

**Games & Sports :** The Annual Athletics Meet was held on 22 January, 2010. Md. Masudur Rahman Baidya, renowned swimmer, gave away the prizes.

The District Athletic Meet and Football Championship among the non-govt. colleges of Howrah district were organised at our playground. Our college was adjudged champion college (among boys) in the Athletic Meet. Sri Deep Dasgupta, renowned cricketer and Sri Samir Dasgupta, sports administrator were present on this occasion. Sri Satyajit Chatterjee was present as the Chief Guest of the District Football Meet.

**New P.G. Course :** Autonomous P.G. Courses are running successfully in three subjects, namely, Sanskrit, Mathematics and Bengali; The departments of Chemistry and Industrial Chemistry are preparing the details of a proposed M.Sc. course in Applied Chemistry/Industrial Chemistry. We hope that the new course will start in near future.

**Potential for Excellence :** A recent posting in the website of the U.G.C. notified that 149 colleges in the whole of India (12 from West Bengal) have been accorded the prestigious status of Colleges with Potential for Excellence (CPE). The college will thus receive a grant of Rs. 100 lakhs during the XIth plan period for upgradation of the departments.

**Autonomy :** A proposal for the conferment of 'Autonomous Status' was submitted by the college to the U.G.C. on 3 March 2009. An Expert Committee consisting of the UGC representatives and representatives of the C.U. and the State Government visited the college in this connection on 18 May 2010. (Later information : 'Autonomous Status' has finally been granted to the Vidyamandira by the U.G.C. and the university. Teaching under the new scheme has been introduced in the college from the current session.)

**Noble Gesture of the Teachers :** Teachers of the Vidyamandira during their previous pay-revision contributed 3% of their arrear-receipt to the Scholarship Fund to help the poor and meritorious students of the college. Recently they have decided to sponsor six scholarships of Rs. 10000/- each, every year for the U.G. Students of the college (two from each year).

**Prof. Tapan Kr. Ghosh**
*Vice-President*


স্বায়ত্বশাসনের সূচনা এবং ত্রিবার্ষিক ডিগ্রী কোর্সের সুবর্ণজয়ন্তী

## পুনর্মিলন উৎসব ২০১০ ঃ একটি প্রতিবেদন

দীর্ঘ তিনটি বছর প্রতীক্ষার পর গত ১৪ ফেব্রুয়ারি, ২০১০ (রবিবার) অনুষ্ঠিত হল রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির এবং বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের যৌথ উদ্যোগে পরিচালিত একবিংশতিতম পুনর্মিলন উৎসব। এই উৎসবে ৬৯১ জন প্রাক্তনী, প্রাক্তনীদের ২৭৬ জন অতিথি এবং বিদ্যামন্দিরের শিক্ষক, শিক্ষাকর্মীসহ ১৭১ জন আমন্ত্রিত অতিথি অংশগ্রহণ করেছিলেন। পূর্ব নির্ধারিত কর্মসূচী অনুযায়ী সকাল ৮.৩০ মিনিটে কয়েকজন বিশিষ্ট প্রাক্তনী, সন্ন্যাসী, শিক্ষক ও শিক্ষাকর্মীর উপস্থিতিতে পতাকা উত্তোলন করেন সংসদ সভাপতি শ্রী বিশ্বনাথ দাস। সমবেত শান্তিমন্ত্র উচ্চারণের পর সকলে রেজিস্ট্রেশন ও অন্যান্য কাজে চলে যান। ইতিপূর্বে সকাল ৭.০০টায় শ্রীভবন প্রার্থনাকক্ষে শ্রীশ্রীঠাকুরের বিশেষ পূজা আরম্ভ হয়। ধীরে ধীরে রেজিস্ট্রেশন কাউন্টারগুলি খুলতে থাকে এবং বেলা বাড়ার সাথে সাথে প্রাক্তনীদের ভীড়ও বাড়তে থাকে। বিবেকানন্দ হলে প্রাতরাশ দেওয়া শুরু হয় পতাকা উত্তোলনের অব্যবহিত পরেই। প্রাক্তন ও বর্তমান ছাত্রদের মধ্যে প্রদর্শনী ভলিবল প্রতিযোগিতা শুরু হয় সকাল ৯.১৫ নাগাদ। তুমুল হর্ষধ্বনি ও সোচ্চার সমর্থনে খেলার মাঠ রীতিমত জমজমাট হয়ে ওঠে।

সকাল ১০.৩০ মিনিটে বিবেকানন্দ সভাগৃহে প্রধানত প্রাক্তন ও বর্তমান ছাত্রদের সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয় বর্তমান ছাত্রদের সমবেত সঙ্গীত 'রামকৃষ্ণের বেদিতলে মোরা' গানের মধ্য দিয়ে। সঞ্চালকের ভূমিকায় ছিলেন পুনর্মিলন উপসমিতির আহ্বায়ক প্রাক্তনী অধ্যাপক তপন কুমার ঘোষ। এরপর কয়েকজন প্রাক্তনী সঙ্গীত ও আবৃত্তি পরিবেশন করেন। একজন প্রাক্তনী শচীন সেনগুপ্ত রচিত 'সিরাজদ্দৌলা' নাটকের অংশবিশেষ একক অভিনয় হিসাবে উপস্থাপিত করেন। পরিবেশিত হয় 'হরবোলা' ও হাস্যকৌতুকের দুটি আকর্ষণীয় অনুষ্ঠান। প্রথমদিকে দর্শকাসন অনেকটাই শূন্য থাকলেও ধীরে ধীরে অনুষ্ঠান জমে ওঠে। অবশেষে মঞ্চস্থ হয় বর্তমান ছাত্রদের নাটক 'আমরা আসছি'। সমবেত 'পুরানো সেই দিনের কথা' দিয়ে সকালের সাংস্কৃতিক অনুষ্ঠান শেষ হয়।

ততক্ষণে রীতিমত ভরে উঠেছে বিদ্যামন্দির প্রাঙ্গন। প্রাক্তনী, তাঁদের পরিবারবর্গ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, সন্ন্যাসী-ব্রহ্মচারী মহারাজ এবং সর্বোপরি স্বেচ্ছাসেবকদের দ্রুত আনাগোনা ও আলাপচারিতায় পুনর্মিলন উৎসব পূর্ণমাত্রায় জমে ওঠে।

সকলেরই গন্তব্য এবার খাবার ঘর। সকলেই বেশ তৃপ্তির সঙ্গে মধ্যাহ্নভোজন পর্ব শেষ করেন। সুযোগ বুঝে অনেকেই ঘুরে বেড়ান ছাত্রাবাসের এদিকে-ওদিকে—বোধকরি ফেলে আসা স্মৃতির গন্ধ-স্পর্শ পেতে। অনেকেই পরিবারবর্গকে সোৎসাহে দেখাতে থাকেন কোথায় কেটেছে তাঁদের ছাত্র-জীবনের কয়েকটি বছর।


পুনর্মিলন উৎসবে পতাকা উত্তোলনের পরে বৈদিক মন্ত্রপাঠ

বিকেল পৌনে তিনটে নাগাদ সভাগৃহে বর্তমান ছাত্রদের সমবেতভাবে কঠোপনিষদদের শ্লোক উচ্চারণের মধ্য দিয়ে বৈকালিক পুনর্মিলন সভা শুরু হয়। এই পর্বের অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রাক্তনী ও বর্তমানে বিদ্যামন্দিরের উপাধ্যক্ষ স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী মহারাজ। স্বাগত ভাষণ দেন অধ্যক্ষ মহারাজ স্বামী ত্যাগরূপানন্দজী, প্রাক্তনী সংসদের পক্ষে কর্মসচিব মনোজ কুমার ভট্টাচার্য এবং বর্তমান ছাত্রদের পক্ষ থেকে বিদ্যার্থী সংসদের সম্পাদক শ্রী সৌরভ পাঁজা। এরপর বিদ্যামন্দিরের প্রথম বর্ষের দুই প্রাক্তনী

শ্রী অশোককৃষ্ণ বন্দ্যোপাধ্যায় ও শ্রী শচীন্দ্রনাথ চক্রবর্তী যথাক্রমে স্বামী তেজসানন্দজী ও স্বামী বিমুক্তানন্দজীর প্রতিকৃতিতে মাল্যদান করেন। দুই পুনর্মিলন উৎসবের মধ্যবর্তীকালে প্রয়াত প্রাক্তনী ও বিদ্যামন্দির পরিবারের অন্যান্যদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করতে এরপর এক মিনিট নীরবতা পালন করা হয়। রামকৃষ্ণ মিশন সারদাপীঠের সম্পাদক ও প্রাক্তনী স্বামী দিব্যানন্দজী তাঁর সংক্ষিপ্ত অথচ দৃপ্ত ভাষণে সকলকে অনুপ্রাণিত করেন। ১৯৫১-৬০ সালের মধ্যে বিদ্যামন্দিরে প্রবেশকারী প্রাক্তনীদের সংসদের পক্ষ থেকে সম্মানিত করা হয় ব্রঃ অক্ষয়চৈতন্য মহারাজের শ্রীশ্রী মায়ের জীবনীগ্রন্থটি উপহার দিয়ে। এরপর ৮/৯ জন প্রাক্তনী স্মৃতিচারণায় অংশগ্রহণ করেন; কৌতুকে-কৃতজ্ঞতায়-প্রণামে-ভালোবাসায় বিদ্যামন্দিরে ফেলে আসা দিনগুলিকে স্মরণ করেন সকলের সাথে। নিছক আবেগে না ভেসে অনেকেই বিদ্যামন্দির এবং বৃহত্তর সমাজজীবন সম্পর্কে প্রাক্তনীদের কর্তব্যও স্মরণ করিয়ে দেন। এরপর ভাষণ দেন বিদ্যামন্দিরের প্রাক্তনী ও ভূতপূর্ব অধ্যক্ষ বর্তমানে রামকৃষ্ণ মিশনের জাপান কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত স্বামী মেধসানন্দজী। প্রাক্তনী সংসদ পরিকল্পনার অন্যতম রূপকার স্বামী মেধসানন্দ তাঁর নীতিদীর্ঘ বক্তৃতায় প্রাক্তনী সংসদের ভূমিকা ও পুনর্মিলন উৎসবের তাৎপর্য তুলে ধরেন। অতঃপর সভাপতির ভাষণ দেন অধ্যাপক বিশ্বনাথ দাস ও ধন্যবাদ জ্ঞাপন করেন পুনর্মিলন উপসমিতির আহ্বায়ক অধ্যাপক তপন কুমার ঘোষ। সমবেত কণ্ঠে 'রামকৃষ্ণ শরণং' সহযোগে এই পর্বের অনুষ্ঠান শেষ হয়।



**পুনর্মিলন উৎসব ২০১০ — রেজিস্ট্রেশন**

এরপর বৈকালিক জলযোগের সঙ্গে সঙ্গে চলতে থাকে সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের তোড়জোড়। সন্ধ্যা ৫.৪০ নাগাদ আয়োজিত হয় 'তরঙ্গ' গোষ্ঠীর তালবাদ্যের অনুষ্ঠান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কর্মসমিতির অন্যতম সদস্য অধ্যাপক গৌতম মুখোপাধ্যায়। শিল্পীদের সংক্ষিপ্ত পরিচয়দানের পর সংসদের পক্ষ থেকে তাঁদের পুষ্পস্তবক দিয়ে সম্বর্ধিত করা হয়। এরপর পরিপূর্ণ প্রেক্ষাগৃহে শুরু হয় তালবাদ্যের অনুষ্ঠান 'তরঙ্গ'। একঘন্টার এই বিচিত্র অনুষ্ঠানটি যথেষ্ট উপভোগ্য হয়।

সবশেষে অধ্যক্ষ মহারাজ স্বামী ত্যাগরূপানন্দজী শিল্পীদের ধন্যবাদ জ্ঞাপন করে পুনর্মিলন উৎসবের সমাপ্তি ঘোষণা করেন। অনেকেই সন্ধ্যারতির জন্য ছাত্রাবাসের প্রার্থনা কক্ষের দিকে এগোতে থাকেন। এভাবেই দ্বাবিংশতিতম পুনর্মিলন উৎসবের প্রার্থনা দিয়েই শেষ হয় এবারের পুনর্মিলন উৎসব।

**অধ্যাপক তপন কুমার ঘোষ** (*আহ্বায়ক*)
**শ্রী সুশান্ত দে** (*যুগ্ম আহ্বায়ক*)

## প্রাক্তনী সংসদ সমাচার

"সমস্ত মহৎ কাজের আরম্ভের সময় তার অস্তিত্বই যেন বোঝা যায় না, কিন্তু তখনই বাস্তবিক তাতে যথার্থ কার্যশক্তি সঞ্চিত থাকে।" স্বামীজীর এই বাণী স্মরণ করে, তাঁর স্বপ্নকে সফল করার জন্য বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ সামর্থ্য অনুযায়ী বিভিন্ন প্রকল্পভিত্তিক কর্মকাণ্ডের মাধ্যমে ধীরগতিতে সুনির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর জন্য সদা সচেষ্ট। আলোচ্য সময়ে সংসদের কর্মধারার সংক্ষিপ্ত বিবরণ নীচে দেওয়া হল।

**পুনর্মিলন উৎসব :** এই সময়ের গুরুত্বপূর্ণ ঘটনা হল বিদ্যামন্দিরের প্রাক্তনীদের, শিক্ষক ও শিক্ষাকর্মীদের এবং সন্ন্যাসী মহারাজদের একবিংশতিতম পুনর্মিলন উৎসব। যথেষ্ট আনন্দ ও সাফল্যের সঙ্গে এই উৎসব অনুষ্ঠিত হয়েছে। এ সম্পর্কে বিস্তারিত এই সংখ্যাতেই প্রকাশিত পৃথক প্রতিবেদনে দ্রষ্টব্য।

**স্বাস্থ্য প্রকল্প :** শ্রমজীবী হাসপাতালের সক্রিয় সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। জুলাই ২০০৯-এ প্রকাশিত প্রাক্তনীবার্তার পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত সময়ে মোট ৩১জন দুঃস্থ রোগীকে ১৭,৩৫০ টাকা সাহায্য দেওয়া সম্ভব হয়েছে। এই প্রকল্পে শুধু যে স্থানীয় রোগীরাই উপকৃত হচ্ছেন তা নয়, দূর দূরান্তের রোগীদের সেবাও যথাসম্ভব করা হচ্ছে এই প্রকল্পের মাধ্যমে।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** পূর্ব ঘোষণা অনুযায়ী ১৯৬৮-৭১ বর্ষের প্রাক্তনীরা ১৭ এপ্রিল, ২০১০ তারিখে বিদ্যামন্দিরে এসেছিলেন এবং বিগত দুই বছরের মতো এবছরেও এই তহবিলে ৪ লক্ষ ৬৩ হাজার টাকা সংসদের হাতে তুলে দিয়েছেন। এখনও পর্যন্ত এই তহবিলে তাঁদের প্রদত্ত অর্থের পরিমাণ হলো—১১ লক্ষ ৭৪ হাজার ৩০২ টাকা। এছাড়া এই প্রকল্পে ব্যবসায়ী শ্রীরাধেশ্যাম ঢনঢনিয়া দ্বিতীয় পর্যায়ে আরও ৪০ হাজার টাকা দিয়েছেন, অর্থাৎ ২০০৯-১০ অর্থবর্ষে মোট (২১,০০০+৪০,০০০) ৬১,০০০ টাকা সংসদকে দিয়েছেন; এই অর্থে বিদ্যামন্দিরের বর্তমান ৪টি ছাত্রকে ছাত্রবৃত্তি দেওয়া হয়েছে। এছাড়া আরও অনেকে নীরবে এ প্রকল্পে অর্থ সাহায্যে এগিয়ে এসেছেন। এ বাবদে একটি প্রতিবেদন বর্তমান সংখ্যায় দেওয়া হল।



**১৯৬৮-৭১-এর ব্যাচের তৃতীয়বারের আর্থিক অনুদান**

এছাড়া অন্যান্য তহবিলেও যাঁরা সাহায্য করেছেন এবং যে সমস্ত ছাত্রকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে তাদের বিবরণও পৃথক একটি প্রতিবেদনে পাওয়া যাবে।

আর্থিক সাহায্যদানকারী প্রত্যেক প্রাক্তনী, সহৃদয় ব্যক্তি ও সংস্থাকে সংসদের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

**আয়কর ছাড়** : প্রাক্তনী সংসদের একটি উল্লেখযোগ্য আনন্দ সংবাদ হলো যে আয়কর দপ্তর সংসদকে আয়কর ধারা 12 (AA) অনুযায়ী দাতব্য প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি দিয়েছে এবং আয়কর ধারা 80G (5) (VI) তে সংসদকে আয়কর ছাড়যুক্ত প্রতিষ্ঠান হিসাবে নিবন্ধীকরণ করে শংসাপত্র দিয়েছে (Vide Order No. DIT (E)/460/8E/408/09-10 Dt. 15.03.2010 valid upto 31.03.2012)। সমস্ত প্রাক্তনীর কাছে আবেদন, আপনারা সংসদের প্রকল্পগুলিকে সার্থক রূপ দেওয়ার জন্য আর্থিক অনুদান দেওয়ার মাধ্যমে আয়কর ছাড়ের সুবিধা নিন।

**বিবেকানন্দ সম্মেলন (২০০৯-২০১০)** : এই সম্মেলন এবার সাফল্যের সাথে যথাসময়েই অনুষ্ঠিত হয়েছে। এই সম্মেলনের উপর একটি প্রতিবেদন এই সংখ্যাতেই দেওয়া হল।

**অন্যান্য** : গত ১৮ এপ্রিল, ২০১০ তারিখে বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজ, সংসদের সভাপতি, সহ-সভাপতিদ্বয় সংসদের কর্মসচিব ও একজন যুগ্ম কর্মসচিব সংসদের প্রতিষ্ঠাতা সভাপতি শ্রী নচিকেতা ভরদ্বাজ (১৯৪১-৪৩) ও বিশিষ্ট প্রাক্তনী ডঃ সুব্রত গাঙ্গুলি (১৯৪৬-৪৮) মহাশয়দের বাড়ীতে গিয়েছিলেন। এঁদের বয়স হয়েছে এবং এঁরা শারীরিকভাবে অসুস্থ। শ্রী ভরদ্বাজ ও ডঃ গাঙ্গুলির পরিবারের পক্ষ থেকে সবাইকে আন্তরিক অভ্যর্থনা জানানো হয়। এই সৌজন্যসাক্ষাতে বৃদ্ধ প্রাক্তনীদ্বয়ও খুশীতে ভরপুর হয়েছিলেন। শ্রী ভরদ্বাজ সংসদের কর্মসচিবের হাতে সংসদের মুখপত্র প্রাক্তনী বার্তা তহবিলে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার একটি চেক তুলে দেন। ডঃ গাঙ্গুলিও বিদ্যামন্দির ও প্রাক্তনী সংসদকে প্রয়োজনে সহযোগিতার প্রতিশ্রুতি দেন। সংসদের পক্ষ থেকে এঁদের প্রতি কৃতজ্ঞতা জানানো হয়।

**মনোজ কুমার ভট্টাচার্য**
*কর্মসচিব*

# Scholarships Awarded by Alumni Association
## Scholarships to Present Students of Vidyamandira

### Swami Vimuktananda-Dhyanatmananda Memorial Scholarship : 2009-2010

| Recipient | Year | Subject | Amount |
|---|---|---|---|
| Kingshuk Panda | 2nd Year | Political Science | 4,000 |
| Aniruddha Kar | 2nd Year | Sanskrit | 2,200 |
| Tanmoy Khanra | 2nd Year | Political Science | 7,200 |
| Arijit Nath | 2nd Year | Mathematics | 3,500 |
| Avijit Nath | 2nd Year | Mathematics | 3,500 |
| Arup Chakraborty | 2nd Year | Chemistry | 3,600 |
| Barun Kumar Maity | 2nd Year | Computer Appl. | 4,000 |
| Chandi Charan Samanta | 2nd Year | Industrial Chem. | 3,000 |
| | | | **31,000** |

### Asha-Jyoti Memorial Scholarship
*Donor :* **Dr. Debi Prosad Chaudhury**
2009-2010

| | | | |
|---|---|---|---|
| Sebabrata Ghosh | 2nd Year | Computer Appl. | 1,000 |

### Graduates of 1971 Scholarship Fund
*Donor :* **Students of Vidyamandira who passed out in 1971**
2009-2010

| | | | |
|---|---|---|---|
| Subhankar Pal | 1st Year | Philosophy | 15,000 |
| Narayan Samanta | 1st Year | Political Science | 14,000 |
| Ramkrishna Mondal | 2nd Year | Bengali | 14,000 |
| Tarun Kumar Gayen | 2nd Year | Industrial Chem. | 14,000 |
| | | | **57,000** |

## General Scholarship (Non-Endowment)

*Donor :* **Phulia Devi Dhandhania Charitable Trust/Radheshyam Dhandhania**

2009-2010

| | | | |
|---|---|---|---|
| Nandan Nayak | 1st Year | Political Science | 15,500 |
| Biswajit Jana | 1st Year | Political Science | 15,500 |
| Prasenjit Ray | 2nd Year | Bengali (MA) | 12,000 |
| Nirmal Dolui | 3rd Year | Industrial Chem. | 18,000 |
| | | | **61,000** |

# The following persons and organisations contributed to the Association during the period January—June 2010

| Name of the contributor (alphabetically sorted) | Amount Rs. |
|---|---|
| **Graduates of 1971 Scholarship Fund** | |
| Ajit Kumar Dolui | 15,000/- |
| Anup Bhattacharya | 10,000/- |
| Anup Kumar Mukherjee | 2,000/- |
| Asim Mitra | 15,000/- |
| Asim Kumar Roy | 5,000/- |
| Asis Bhadra | 12,000/- |
| Asok Kumar Mallik | 10,000/- |
| Asok Sinha | 5,000/- |
| Atindra Nath Das | 10,000/- |
| Balaram Mondal | 10,000/- |
| Bhakti Bhusan Gangopadhyay | 10,000/- |
| Chanchal Kumar Ghosh | 5,000/- |
| Chandan Raychaudhury | 5,000/- |
| Dayamay Nandi | 10,000/- |
| Gautam Hazra Choudhuri | 10,000/- |
| Gora Chand Bagui | 5,000/- |
| Jasobanta Mahapatra | 9,000/- |
| Joydev Jana | 10,000/- |
| Kaushik Saha | 10,000/- |
| Lakshminarayan Samanta | 10,000/- |
| Madhai Mondal | 15,000/- |
| Malay Kumar Sen | 4,000/- |
| Malay Shankar Bhattacharya | 10,000/- |
| Manik Chandra Konar | 3,000/- |
| Mihir Kumar Maity | 5,000/- |
| Murari Mohan Mukherjee | 5,000/- |
| Naba Kumar Bag | 3,000/- |
| Nilkanta Roy | 5,000/- |
| Nirmal Banerjee | 10,000/- |
| Pallab Mukherjee | 10,000/- |
| Pradip Kumar Paul | 10,000/- |
| Prasanta Narayan Dutta | 5,000/- |
| Prasanta Saha | 5,000/- |
| Pratap Kumar Das | 11,000/- |
| Pravash Chandra Nandy | 10,000/- |
| Ramaprasad Samui | 10,000/- |
| Sanat Kumar Maji | 5,000/- |
| Satya Ranjan Pramanik | 10,000/- |
| Soumendra Nath Roy | 2,000/- |
| Sibaprasad Bhattacharyya | 20,000/- |
| Subhas Chandra Patra | 6,000/- |
| Surya Chattopadhyay | 20,000/- |
| Swami Sharanyananda | 1,000/- |
| Swami Vimalatmananda | 30,000/- |
| Swapan Kumar Datta | 10,000/- |
| Syamalendra Nath Mitra | 10,000/- |
| Tapan Kumar Jana | 5,000/- |
| Tushar Kanti Das | 5,000/- |
| Udayan Gangopadhyay | 15,000/- |
| M/s. Bankura District Rice Mills | 20,000/- |
| M/s. Birbhum District Rice Mills | 5,000/- |
| **Total** | **4,63,000/-** |

| Name of the contributor (alphabetically sorted) | Amount Rs. |
|---|---|
| **Scholarships** | |
| Asim Mitra's Collection | 16,000/- |
| Partha Pratim Dey | 500/- |
| Phulia Devi Dhandhania Charitable Trust | 40,000/- |
| Raghupati Bandyopadhyay | 1,000/- |
| Ramakrishna Mondal | 3,000/- |
| Ranabir Das | 20,000/- |
| Sachindra Kumar Chakraborty | 10,000/- |
| Sukanta Talukdar | 3,000/- |
| Sabyasachi Mukhopadhyay | 5,000/- |
| Tirthapada Majhi | 10,000/- |
| Shubhajit Das | 500/- |
| **Total** | **1,09,000/-** |
| **Health Care Project** | |
| Alok Kumar Betal | 4,605/- |
| Debasish Ghosh | 7,000/- |
| Anirban Majumdar | 1,001/- |
| Bijay Bhushan Roy | 20,000/- |
| Bipul Bhattacharyya | 10,000/- |
| K.P. Bhattacharya | 5,000/- |
| Kalachand Rakshit | 500/- |
| Nandadulal Roy | 100/- |
| Niladri Mallik | 101/- |
| Sekhar Sinha Roy | 2,000/- |
| Swami Medhasananda | 15,000/- |
| Tulsidas Bandopadhyay | 500/- |
| **Total** | **65,807/-** |
| **Vivekananda Sammelan** | |
| Soumen Banerjee | 2,000/- |
| **Total** | **2,000/-** |
| **Swami Tejasananda Memorial Fund** | |
| Bipul Bhattacharya | 5,000/- |
| Priyanka Roy | 1,001/- |
| Soumya Kanti Guha | 1,001/- |
| **Total** | **7,002/-** |
| **Praktani Varta** | |
| Nachiketa Bharadwaj | 50,000/- |
| **Total** | **50,000/-** |

*Donations of Rs. 4,726/- were collected for Re-union 2010.*

*A total amount of Rs. 7,230/- was collected as General Donation during this time.*

# জেলাভিত্তিক বিবেকানন্দ সম্মেলন ২০০৯-১০ ঃ দক্ষিণ দিনাজপুর

স্বামী বিবেকানন্দের আদর্শ ও ভাবধারা মনন-চিন্তন এবং আত্তীকরণে বিদ্যালয় ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে ১৯৯২ থেকে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির ও এর প্রাক্তনী সংসদ, রামকৃষ্ণ মঠ ও মিশনের মূলকেন্দ্র ও তার বিভিন্ন শাখাকেন্দ্র এবং সমভাবাপন্ন সংগঠনগুলির সহায়তায় পশ্চিমবঙ্গের এক-একটি জেলায় প্রতিবছর বিবেকানন্দ সম্মেলন ও জাতীয় যুবদিবস উদ্‌যাপনের আয়োজন করে আসছে। ক্রমান্বয়ে হুগলি, বর্ধমান, অবিভক্ত মেদিনীপুর, হাওড়া, নদীয়া, মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগণা, উত্তর ২৪ পরগণা, বাঁকুড়া, বীরভূম, কোচবিহার, মালদহ, জলপাইগুড়ি, পুরুলিয়া এবং পূর্ব মেদিনীপুর জেলার পর এবছর সম্মেলনের আয়োজন করা হয়েছিল দক্ষিণ দিনাজপুর জেলায়। এবারের সহযোগী সংগঠক শ্রীরামকৃষ্ণ আশ্রম, বালুরঘাট। পশ্চিমবঙ্গ সরকারের ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর থেকেও পাওয়া গিয়েছিল একটি বড় অনুদান।

জেলাটিকে বালুরঘাট, গঙ্গারামপুর ও বুনিয়াদপুর এই তিনটি অঞ্চলে ভাগ করা হয়। এই তিনটি অঞ্চলের ৬৪ টি বিদ্যালয়ের মোট ৯৩০ জন ছাত্রছাত্রী নভেম্বর ২০০৯-এ শ্রেণীভিত্তিক বিভিন্ন সাংস্কৃতিক, যোগাসন ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নেয় নিজ নিজ অঞ্চলে। অংশগ্রহণকারীদের শংসাপত্র ও বেলুড়মঠের সৌজন্যে স্বামীজীর রচনাসমৃদ্ধ বিভিন্ন পুস্তিকা উপহার দেওয়া হয়।

প্রতিযোগিতার প্রতিটি বিষয়ে অঞ্চলগুলির প্রথম তিন স্থানাধিকারীদের নিয়ে জেলাভিত্তিক প্রতিযোগিতার আসর বসে ১৩ ডিসেম্বর ২০০৯-এ বালুরঘাটের নদীপাড় নরেশচন্দ্র উচ্চমাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে। জেলার বিভিন্ন প্রান্ত থেকে আসা ছাত্রছাত্রীরা স্বামীজীর জীবনী, বাণী ও আদর্শ অবলম্বন করে বক্তৃতা দিচ্ছে, আবৃত্তি করছে, গান গাইছে, ছবি আঁকছে, প্রবন্ধ রচনা করছে, হাড্ডাহাড্ডি প্রশ্নোত্তরের লড়াইয়ে মেতে উঠছে, যোগাসন ও দৌড় প্রতিযোগিতায় অংশ নিচ্ছে—এ এক দেখবার মত দৃশ্য! শেষ পর্যন্ত সবাইকে টপকে চ্যাম্পিয়ন স্কুলের সম্মান ছিনিয়ে নেয় সাংস্কৃতিক প্রতিযোগিতায় গঙ্গারামপুর অঞ্চলের গঙ্গারামপুর উচ্চ বালিকা বিদ্যালয়, আর যোগাসন ও ক্রীড়া প্রতিযোগিতায় বালুরঘাট অঞ্চলের খাদিমপুর উচ্চ বালিকা বিদ্যালয়।

১০ জানুয়ারি ২০১০-এ শ্রীরামকৃষ্ণ আশ্রম, বালুরঘাট প্রাঙ্গণে বসে পুরস্কার বিতরণী সভা। প্রথমার্ধে যুবসম্মেলন; অংশগ্রহণে পুরস্কার বিজেতাগণসহ এক ঝাঁক উজ্জ্বল তরুণ-তরুণী। ছিল পুরস্কার বিজেতাদের গল্পবলা, বক্তৃতা, গান, আবৃত্তি। মধ্যাহ্নভোজনের পর 'স্বামী বিবেকানন্দের চিন্তার আলোকে মূল্যবোধভিত্তিক শিক্ষা'—এই বিষয়টি নিয়ে শিক্ষক সম্মেলন, যাতে অংশ নিলেন সারা জেলার একদল শিক্ষক শিক্ষয়িত্রী ও শিক্ষা-আধিকারিক। এই অর্ধে প্রশ্নোত্তরপর্ব পরিচালনা করলেন শ্রীশুভেন্দু মজুমদার ও শ্রী অনুপ দাস। রামকৃষ্ণ মিশন সারদাপীঠের অধ্যক্ষ স্বামী দিব্যানন্দজী মহারাজের পৌরোহিত্যে অনুষ্ঠিত সারাদিনের এই কর্মসূচিতে আলোচনায় অংশ নিলেন স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, অধ্যাপক তপন কুমার ঘোষ, শ্রীবিকাশ সাহা, শ্রীমনোজ ভট্টাচার্য এবং কয়েকজন শিক্ষক ও ছাত্রছাত্রী।



অম্বিকা সরকার ও যদুনাথ মজুমদার স্মারক বক্তৃতায় ডাঃ দেবাঞ্জন সেনগুপ্ত

স্বামীজীর অগাধ আস্থা ছিল ছাত্রসমাজ তথা দেশের তরুণ-তরুণীদের ওপর। এদের ঘিরে এখনও আশায় বুক বাঁধা যায়—এই ইতিবাচক বার্তা উঠে এল এবারের সম্মেলন থেকেও।

**বিশ্বনাথ দাস**, *সভাপতি, প্রাক্তনী সংসদ*


প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ অধ্যাপক নিত্যনিরঞ্জন কুণ্ডু

সদস্যবৃন্দ ঃ ডঃ বিশ্বনাথ দাস, অধ্যাপক তপন কুমার ঘোষ, শ্রী মনোজ কুমার ভট্টাচার্য, শ্রী সুশান্ত দে, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ

প্রাক্তনীবার্তা প্রকাশনায় আর্থিক সহায়তা ঃ ডঃ সুব্রত গাঙ্গুলি (প্রাক্তনী), ডাঃ ধীমান গাঙ্গুলি (প্রাক্তনী)


PRINTED MATTER

**BOOK POST**

**If undelivered, please return to :**


**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com • Website : www.alumnividyamandira.in**
Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536